# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ২৫২

১/ বিবিধ

আরবী

البطنة أصل الداء، والحمية أصل الدواء، وعودوا كل جسم ما اعتاد
لا أصل له

وقد أورده الغزالي في " الإحياء " مرفوعا إلى النبي صلى الله عليه وسلم! فقال الحافظ العراقي في تخريجه: لم أجد له أصلا، وأقره الحافظ السخاوي في " المقاصد الحسنة " (1035) وقال المحقق ابن القيم في " زاد المعاد " (3 /97) : وأما الحديث الدائر على ألسنة كثير من الناس: الحمية رأس الدواء، والمعدة بيت الداء، وعودوا كل جسم ما اعتاد، فهذا الحديث إنما هو من كلام الحارث بن كلدة طبيب العرب، ولا يصح رفعه إلى النبي صلى الله عليه وسلم
قاله غير واحد من أئمة الحديث
لكن ذكر السخاوي أن الخلال روى من حديث عائشة: " الأزم دواء، والمعدة داء، وعودوا بدنا ما اعتاد "
وظاهره أنه مرفوع، وقد صرح بذلك السيوطي في " الدرر " كما في " كشف الخفاء " (2 / 74 / 1788) ، وأورده في " الجامع الكبير " (1 / 320 / 2) ولكنهم لم يذكروا إسناده لينظر فيه، وغالب الظن أنه لا يصح، والله أعلم
ثم رأيت ابن القيم ذكره في " الزاد " (3 / 102) من كلام الحارث بن كلدة أيضا بهذا اللفظ وهو الأشبه، ثم قال ابن القيم: والأزم: الإمساك عن الأكل يعني به الجوع، وهو من أكبر الأدوية في شفاء الأمراض الامتلائية كلها بحيث أنه أفضل في علاجها من

المستفرغات

وبهذه المناسبة أقول: لقد جوعت نفسي في أو اخر سنة 1379 أربعين يوما متتابعا، لم أذق في أثنائها طعاما قط، ولم يدخل جوفي إلا الماء! وذلك طلبا للشفاء من بعض الأدواء، فعوفيت من بعضها دون بعض، وكنت قبل ذلك تداويت عند بعض الأطباء نحوعشر سنوات دون فائدة ظاهرة، وقد خرجت من التجويع المذكور بفائدتين ملموستين: الأولى: استطاعة الإنسان تحمل الجوع تلك المدة الطويلة خلافا لظن الكثيرين من الناس

والأخرى: أن الجوع يفيد في شفاء الأمراض الامتلائية كما قال ابن القيم رحمه الله تعالى، وقد يفيد في غيرها أيضا كما جرب كثيرون، ولكنه لا يفيد في جميع الأمراض على اختلاف الأجسام خلافا لما يستفاد من كتاب " التطبيب بالصوم " لأحد الكتاب الأوربيين، وفوق كل ذي علم عليم

বাংলা

২৫২। অতিভোজন রোগের মূল আর রক্ষাকারী খাদ্য ঔষধের মূল। অতএব তোমরা প্রত্যেক শরীরকে যাতে সে অভ্যস্ত হয়েছে তাতে অভ্যস্ত কর।

হাদীসটির কোন ভিত্তি নেই।

গাযালী মারফু’ হিসাবে “আল-ইহইয়া” গ্রন্থে উল্লেখ করেছেন। অতঃপর হাফিয ইরাকী তার “আত-তাখরীজ” গ্রন্থে বলেছেনঃ এটির কোন ভিত্তি পাচ্ছি না। তার বক্তব্যকে হাফিয সাখাবী “মাকাসিদুল হাসানা” গ্রন্থে (১০৩৫) সমর্থন করেছেন।

ইবনুল কাইয়্যিম “যাদুল মায়াদ" গ্রন্থে (৩/৯৭) বলেনঃ ... এ হাদীসটি আরবদের ডাক্তার হারিস ইবনু কিলদার কথা। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম পর্যন্ত মারফু’ হিসাবে বলা সঠিক নয়। হাদীস শাস্ত্রের একাধিক ইমাম এ কথাই বলেছেন।

কিন্তু সাখাবী উল্লেখ করেছেন যে, খাল্লাদ আয়েশা (রাঃ) এর হাদীস হতে বর্ণনা করেছেন এ বাক্যেঃ

الأزم دواء، والمعدة داء، وعودوا بدنا ما اعتاد

অর্থ “সাবধানতা হচ্ছে ঔষধ এবং পাকস্থলী (পেট) হচ্ছে অসুখ। অতএব তোমরা শরীরকে যাতে অভ্যাস্ত হয়েছে

তাতেই অভ্যস্ত কর।”

এটির বাহ্যিকতা দেখে মনে হয় যেন মারফূ। সুয়ূতী “আদ-দুরার” গ্রন্থে তা স্পষ্ট করেই বলেছেন, যেমনভাবে “কাশফুল খাফা” গ্রন্থেও (২/৭৪/১৭৮৮) এসেছে। তিনি (সুয়ূতী) “জামেউল কাবীর” গ্রন্থেও (১/৩২০/২) উল্লেখ করেছেন। কিন্তু তার হাদীসটির কোন সনদ বর্ণনা করেননি যাতে দৃষ্টি দেয়া যায়। আমার অধিকাংশ ধারণা এটি সহীহ্ নয়।

অতঃপর ইবনুল কাইয়্যিমকে দেখেছি তিনি "যাদুল মায়াদ" গ্রন্থে (৩/১০২) এটিকে হারিস ইবনু কিলদার কথা হিসাবেই উল্লেখ করেছেন। এটিই উপযোগী।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=5512

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন